Bengali

Public Libraries

আপনার পাবলিক লাইব্রেরী আপনাকে স্বাগতম জানাচ্ছে!

নিউ সাউথ ওয়েল্স এর পাবলিক লাইব্রেরীগুলি ফ্রি

আসুন এবং দেখুন:

- নানা বিষয়ে বই শিল্পকলা, খেলাধুলা, সংগীত, বিজ্ঞান এবং আরো অনেক কিছ
- উপভোগ করার মত বই যেমন উপন্যাস এবং রোমাঞ্চকর গল্প
- ম্যাগাজিন, খবরের কাগজ, ডিভিডি ও সিডি
- শিশুদের বই
- ইংরেজী শেখার জন্য বই এবং অন্যান্য দরকারী সামগ্রী
- ইন্টারনেট ব্যবহারের সুবিধা
- ইংরেজী ছাড়া অন্যান্য ভাষায় প্রাপ্তবয়য়য় এবং শিশুদের জন্য বই
- পড়াশুনা করার জায়গা, অথবা যেখানে বসে আপনি পড়তে পারবেন

সব পাবলিক লাইব্রেরীর মাধ্যমে এনএসডব্লিউ স্টেট লাইব্রেরী থেকে ৪০ টির বেশী ভাষায় বই পাওয়া যায়। আপনার লাইব্রেরীতে যদি আপনার ভাষায় বই পাওয়া না যায় তাহলে লাইব্রেরীয়ানকে স্টেট লাইব্রেরী থেকে আপনার জন্য কিছু বই এনে দিতে বলুন।

এটি একটি বিনামূল্যের সেবা

এছাড়াও আপনার স্থানীয় পাবলিক লাইব্রেরীতে পাবেন:

- এমন কাউকে যারা আপনার ভাষায় কথা না বললেও আপনাকে সাহায়্য করতে পারেন
- সব বয়সের মানুষদের জন্য বিভিন্ন রকমের সেবা এবং কর্মসূচি

কর্মদিবসে, সন্ধ্যায় এবং ছুটির দিনগুলিতে লাইব্রেরী **খোলা রাখার সময়** এলাকা বিশেষে ভিন্ন ভিন্ন হয়।

সদস্য হওয়া সহজ । আপনি যেখানে বসবাস করছেন কিংবা কাজ করছেন তার কাছাকাছি লাইব্রেরীতে আপনার নাম এবং বর্তমান ঠিকানা সম্বলিত কোন পরিচয়পত্র নিয়ে যান । শিশুদের সদস্যতার জন্য সাধারনতঃ পিতামাতার একটি স্বারব দরকার হয় ।

পাবলিক লাইব্রেরী আপনার, আপনার পরিবার এবং বন্ধু পরিজন সবার জন্য